



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিবিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডেট ম্যনেজমেন্ট ডিপার্টমেন্ট

সার্কুলার নং-ডিএমডি/সঞ্চয়পত্র-০৮/২০০৯-১২

তারিখ : ১৫/১০/২০০৯

প্রধান নির্বাহী
বাংলাদেশের তফসিলী ব্যাংকসমূহ

প্রিয় মহোদয়,

Sanchayapatra Rules, 1977 (Amended upto 30 June, 2002)
এর Rule-21 এর Note অনুযায়ী পুনবিনিয়োগের বিষয়ে স্পষ্টীকরণ প্রসঙ্গে ।

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং- অম/অসবি/সঞ্চয়/এস-০৮/২০০২/২৪১ তারিখ ১৩.১০.২০০৯খণ্ড/২৮.০৬.১৪১৬বং মোতাবেক সঞ্চয়পত্রে স্বয়ংক্রিয়ভাবে পুনবিনিয়োগের সুযোগ সৃষ্টির লক্ষ্যে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক ১০.০৮.২০০৫ তারিখে জারীকৃত [প্রজ্ঞাপন নং- অম/অসবি/সঞ্চয়/এস-০৮/২০০২/১৯০](#) এর উপর উত্থাপিত কতিপয় বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক স্পষ্টীকরণ করা হয়েছে, যা আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে পরবর্তী পাতায় হৃবহু মুদ্রিত হলো ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ।

(এ এফ এম শাহীনুল ইসলাম)
যুগ্ম-পরিচালক
ফোন : ৭১২৬১০১-১৪/৩২৭৩



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিবিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডেট ম্যনেজমেন্ট ডিপার্টমেন্ট

(কপি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

নং অম/অসবি/সঞ্চয়/এস-০৮/২০০২/২৪১

১৩-১০-২০০৯ খ্রি:

তারিখ : -----

২৮-০৬-১৪১৬ বঃ

বিষয় : **Sanchayapatra Rules, 1977 (Amended upto 30 June, 2002)**
এর Rule-21 এর Note অনুযায়ী পুনঃবিনিয়োগের বিষয়ে স্পষ্টীকরণ প্রসঙ্গে।

সূত্র : বাংলাদেশ ব্যাংকের পত্র নং এফআরটিএমডি(পিবি)-৪/২০০৫-১৮৭৮ তারিখ ০৬-১২-২০০৫ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে সঞ্চয়পত্রে স্বয়ংক্রিয়ভাবে পুনঃবিনিয়োগের সুযোগ সৃষ্টির লক্ষ্য Sanchayapatra Rules, 1977 (Amended upto 30 June, 2002) এর Rule-21 অধিকতর সংশোধনপূর্বক অভ্যন্তরীণ সম্পদ বিভাগকর্তৃক গত ১০-০৮-২০০৫ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং অম/অসবি/সঞ্চয়/এস-০৮/২০০২/১৯০ এর উপর বাংলাদেশ ব্যাংক কর্তৃক উত্থাপিত বিষয়ে নিম্নরূপভাবে স্পষ্টীকরণ করা হলো :

- (ক) শুধুমাত্র ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র স্বয়ংক্রিয়ভাবে পুনঃবিনিয়োগ হবে। তাই নতুনভাবে আবেদনের কোন প্রয়োজন নেই।
- (খ) সঞ্চয়পত্রে স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগের সুবিধা প্রদানের লক্ষ্যে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক ১০-০৮-২০০৫ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং অম/অসবি/সঞ্চয়/এস-০৮/২০০২/১৯০ কার্যকর হওয়ার তারিখ ১০-০৮-২০০৫ ইং বা তার পরে যে সকল ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্রের মেয়াদ উত্তীর্ণ হয়েছে অথচ তা নগদায়ন করা হয়নি শুধুমাত্র এই সকল সঞ্চয়পত্রের মূলধন ও মুনাফা পুনঃবিনিয়োগ হয়েছে বলে গণ্য হবে। বিলুপ্ত সঞ্চয় প্রকল্পে পুনঃবিনিয়োগের কোন সুযোগ নেই।
- (গ) স্বয়ংক্রিয়ভাবে পুনঃবিনিয়োগের সুবিধা শুধুমাত্র ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্রের ক্ষেত্রে প্রযোজ্য হবে।
- (ঘ) পুনঃবিনিয়োগের সময় অতিক্রান্ত হওয়ার পর সঞ্চয়পত্র হারিয়ে গেলে আসল টাকারই ড্রাইকেট সঞ্চয়পত্র ইস্যু করতে হবে।
- (ঙ) মেয়াদান্তে মুনাফাসহ আসল হিসাবে পুনঃবিনিয়োগ হওয়ার পর পরবর্তী মেয়াদপূর্তীর পূর্বে বা মেয়াদান্তে নগদায়ন করলে যে তারিখে স্বয়ংক্রিয়ভাবে পুনঃবিনিয়োগ হয়েছে এই তারিখে বলবৎ মুনাফার হার প্রযোজ্য হবে এবং ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্রের মুনাফার হার যে ভাবে হিসাবায়ন করা হয় পুনঃবিনিয়োগের হিসাবায়নও একই প্রক্রিয়ায় সম্পন্ন করতে হবে। প্রথম বিনিয়োগের মুনাফার টাকা পুনঃবিনিয়োগের পর নগদায়নের সময় আসল হিসাবে গণ্য করে সরকারী জমার খাত সমন্বয় করতে হবে।
- (চ) পুনঃবিনিয়োগের বিবরণী বাংলাদেশ ব্যাংকে প্রেরণের প্রয়োজন নেই। যেহেতু পুনঃবিনিয়োগকৃত অর্থ পূর্বেই সরকারী কোষাগারে জমা হয়েছে এবং তার জন্য ব্যাংকসমূহকে প্রাপ্ত কমিশন প্রদান করা হয়েছে তাই নতুন করে কমিশন প্রদানের কোন সুযোগ নেই। পুনঃবিনিয়োগকৃত সঞ্চয়পত্র নগদায়নের সময় বিবরণীর মন্তব্য কলামে মেয়াদপূর্তীর পর কত বৎসর পূর্তীতে প্রথম মেয়াদে এবং পুনঃবিনিয়োগের সময়ের জন্য কি হারে মুনাফা প্রদান করা হয়েছে তা উল্লেখ করতে হবে।
- (ছ)) পুনঃবিনিয়োগের ক্ষেত্রে নতুন করে প্রাহকের ছবি, পৃথক কার্ডে গ্রাহকের নমুনা স্বাক্ষর ও নমনীয় ছবি ও স্বাক্ষর প্রাহকের প্রয়োজন নেই।

স্বাক্ষরিত/-

১৩/১০/২০০৯

(ড. মোঃ আফজাল হোসেন)

উপ-সচিব

ফোন নং ৭১৬৮০২৬